## স্বাধীনতা দিবসে ছুটি

আজ ১৫ আগস্ট ২০২৬ শনিবার স্বাধীনতা দিবস উপলক্ষে "এই যুগ" সংবাদপত্রের দপ্তর বন্ধ থাকার দরুন, আগামীকাল ১৬ আগস্ট ২০২৬ , রবিবার সংবাদপত্র প্রকাশ হবেনা।১৭ আগস্ট ২০২৬ ,সোমবার "এই যুগ" সংবাদপত্র প্রকাশিত হবে।

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]


HOWRAH|হাওড়া● DAILY|দৈনিক● 15 AUGUST 2026 ,SATURDAY|১৫ আগস্ট ২০২৬ ,শনিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-253


## শিলিগুড়ি আদালতে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচিতে পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ও আইন মন্ত্রী বিরাজ বিশ্বাস



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৪ আগস্ট :** শুক্রবার শিলিগুড়ি আদালতে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচিতে উপস্থিত ছিলেন আইন মন্ত্রী বিরাজ বিশ্বাস ও পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । এদিন রাজ্যের আইন মন্ত্রী বিরাজ বিশ্বাস শিলিগুড়ি আদালত পরিদর্শন করে ঘোষণা করেন নতুন আদালত ভবন নির্মান করা হবে। আইন মন্ত্রীর সাথে ছিলেন রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । এদিন আদালত চত্বরে সমস্ত কিছু পরিদর্শনের পর আইন মন্ত্রী জানান নতুন আদালত ভবনের নির্মানের বিষয়টি পূর্বের সরকার বন্ধ রেখেছিলো। আদালত চত্বরে স্থান সংকুলান হচ্ছেনা তাই দ্রুত এই নতুন ভবন এর নির্মান কাজ শুরু করা হবে। মন্ত্রী বার অ্যাসোসিয়েশনেও যান সেখানে আইনজীবীদের সাথে কথা বলেন। বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে মন্ত্রীকে সম্বর্ধিত করা হয়। মন্ত্রীর এই উদ্যোগকে স্বাগত জানিয়ে আইনজীবীরা জানান তাদের দীর্ঘদিনের দাবি এবার পূরণ হতে চলেছে। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ আশা প্রকাশ করেন দ্রুত এই নির্মান কাজ শুরু ও শেষ করা হবে।

## স্বাধীনতা দিবসের প্রাক্কালে তেরঙ্গার আলোয় সাজলো জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ




**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,জলপাইগুড়ি ,১৪ আগস্ট :** স্বাধীনতা দিবসের প্রাক্কালে জাতীয় পতাকার রঙে আলোকসজ্জায় সেজে উঠেছে কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ। রাতের অন্ধকারে তেরঙ্গার আলোয় ঐতিহাসিক হাইকোর্ট ভবনের মনোমুগ্ধকর রূপ নজর কাড়ছে সাধারণ মানুষের।আলোর সাজে সেজে ওঠা হাইকোর্ট চত্বর দেখতে ইতিমধ্যেই ভিড় জমাচ্ছেন বহু মানুষ। কেউ মোবাইল ফোনে ছবি তুলছেন, আবার কেউ হাইকোর্টের গেটের বাইরে দাঁড়িয়ে সেলফি তুলে ধরে রাখছেন এই বিশেষ মুহূর্ত। তেরঙ্গার আলোকসজ্জায় ঐতিহাসিক ভবনের সৌন্দর্য ক্যামেরাবন্দি করতে ব্যস্ত আট থেকে আশি।রাত পোহালেই দেশের ৮০ তম স্বাধীনতা দিবস। তার আগেই জাতীয় পতাকার গেরুয়া, সাদা ও সবুজ রঙের আলোয় নতুন সাজে সেজে উঠেছে জলপাইগুড়ির এই ঐতিহাসিক স্থাপত্য। স্বাধীনতা দিবসের আবহে আলোকসজ্জার এই দৃশ্য শহরবাসীর মধ্যেও তৈরি করেছে বিশেষ উচ্ছ্বাস ও আবেগ।

## মধ্য মাদারীহাটে উদ্ধার পচিশ ফুট লম্বা রক পাইথন



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার মধ্যমাদারীহাটে শুক্রবার সকালে উদ্ধার হলো পচিশ ফুট দীর্ঘ একটি রক পাইথন। এদিন সকালে স্থানীয় বাসিন্দারা পাইথন সাপটিকে দেখতে পেয়ে বন দপ্তরের মাদারীহাট রেঞ্জে খবর দেন।। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে সাপটিকে উদ্ধার করেন। তারা জানান এটি রক পাইথন। এতো লম্বা রকপাইথন এই এলাকায় প্রথম পাওয়া গেছে, এর আগে এতো লম্বা রকপাইথন উদ্ধারের নজির নেই বলে জানান বন কর্মীরা। পাইথনটিকে উদ্ধারের পর বহন করে নিয়ে যেতে হিমশিম খান বন কর্মী ও পরিবেশ কর্মীরা। সাপটিকে উদ্ধার করে নিয়ে যাবার পর এর স্বাস্থ্য পরীক্ষা করে ফের জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

## কোচবিহার শহরে দেশভাগের বিভীষিকা স্মরণ দিবস উপলক্ষে আয়োজিত হলো মোমবাতি মিছিল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৪ আগস্ট :** দেশভাগের বিভীষিকা স্মরণ দিবস উপলক্ষে আজ কোচবিহার শহরে জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত হলো মোমবাতি মিছিল । মিছিলে উপস্থিত ছিলেন কোচবিহারের জেলাশাসক জিতীন যাদব সহ জেলা প্রশাসনের আধিকারিকগণ। এছাড়াও মিছিলে অংশ নেয় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা, শিক্ষক -শিক্ষিকা এবং সিভিল ডিফেন্স কর্মীরা। শহরের খাস মহল থেকে এই মিছিল শুরু হয়ে সাগরদিঘী পরিক্রমা করে ল্যান্স ডাউন হলে শেষ হয়। এই কর্মসূচির মাধ্যমে ঐক্য, শান্তি ও সমৃদ্ধির বার্তা তুলে ধরা হয়েছে।

# সভাপতি কে বাদ দিয়েই সাধারণ সভা ব্লক অফিসে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট :** পঞ্চায়েত সমিতির সভাপতি কে বাদ দিয়েই সাধারণ সভা অনুষ্ঠিত হলো আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের পঞ্চায়েত সমিতি ভবনে। পূর্ব নির্ধারিত দিন অনুযায়ী শুক্রবার পঞ্চায়েত সমিতির সাধারণ সভা হওয়ার কথা ছিল সেই সভায় তৃণমূলের অন্যান্য পঞ্চায়েত সমিতির সদস্যরা আসলেও সেই সভায় আসেননি আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দেবনাথ দাস। রহস্যজনকভাবে বিধানসভা ভোট গণনার পরদিন থেকেই তাকে দেখা যায় না আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক ক্যাম্পাসে। অথচ গত কয়েকদিন আগেও তিনি জেলা শহরের রবীন্দ্রভবনে গিয়ে বৈঠক করে এসেছেন প্রশাসনিক কর্তাদের সঙ্গে। রাজ্যে পালা বদলের পরেই একের পর এক দুর্নীতিতে জড়িয়ে পড়েছেন পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী নারায়ন দাস। শেষ পর্যন্ত পুলিশ তাকে গ্রেফতার করেছে তাকে হাজতে থাকতে হয়েছে জেল খাটতে হয়েছে। লোকও লজ্জার ভয়েই কি তিনি পঞ্চায়েত সমিতির ভবনে আসছেন না এমন প্রশ্ন শোনা যাচ্ছে পঞ্চায়েত সমিতির অন্যান্য সদস্যদের মুখ থেকে। শুক্রবার পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি শ্যামলী মোচারী বসু মাতা সভা পরিচালনা করেছেন সমষ্টি উন্নয়ন আধিকারিককে পাশে বসিয়ে।

# পঞ্চাশ বিঘা জমির অবৈধ গাঁজা চাষ নষ্ট করলো পুলিশ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৪ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের সিতাই থানার পুলিশ শনিবার সিঙ্গিমারি নদীর চরে অবৈধ গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান চালায়। এদিনের অভিযানে ট্র্যাক্টর দিয়ে পঞ্চাশ বিঘা জমির অবৈধ গাঁজা চাষ নষ্ট করে দেয় পুলিশ। জেলা পুলিশ সূত্রে জানা গেছে অবৈধ মাদক চাষ এর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহনের পাশাপাশি মাদক মুক্ত নিরাপদ সমাজ গঠনের লক্ষ্যে কোচবিহার জেলা পুলিশ দৃঢ় প্রতিজ্ঞ। এধরনের অভিযান জেলাজুড়ে নিয়মিত চালানো হবে বলেও জানায় পুলিশ।

# বনমন্ত্রীর উপস্থিতিতে ভূমি পূজা হল রাম মন্দিরের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম বিধানসভার পশ্চিম চেপানি এলাকায় গড়ে উঠতে চলেছে পশ্চিমবঙ্গের অন্যতম উল্লেখযোগ্য ১০১ ফুট উচ্চতার শ্রীশ্রী রাম মন্দির। শুক্রবার ধর্মীয় রীতি ও আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রস্তাবিত মন্দিরের ভূমিপূজা সম্পন্ন হয়। মন্দির নির্মাণকে ঘিরে এলাকাজুড়ে উৎসাহ ও উদ্দীপনা দেখা যায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারগ্রামের বিধায়ক তথা রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ সহ এলাকার বিশিষ্ট ব্যক্তিরা। এদিন বনমন্ত্রী ভাষণ দিতে গিয়ে মন্ত্রী বলেন মন্দির নির্মাণে ১৫ লক্ষ টাকা তার বিধায়ক তহবিল থেকে দেওয়ার কথা বলেন। তাছাড়া তিনি ব্যক্তিগত ভাবে ৫১ হাজার টাকা দিয়েছেন চেকের মাধ্যমে।

# মাদারীহাটে বনকর্মীদের ঘিরে বিক্ষোভ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট :** মাদারিহাট রেঞ্জের অন্তর্গত ধুমচি পাড়া বিটের গোপালপুর এলাকায় হাতির খবর পাওয়ার পরেই ওই এলাকায় গিয়ে পৌঁছায় বনদপ্তর কর্মীরা। এরপরেই বনদপ্তরের কর্মীদের আটকে দেয় তাদের গাড়িসহ এবং তাদের সঙ্গে খারাপ আচরণ শুরু করে ওই এলাকার বাসিন্দারা। বারবার তাদের বোঝানোর চেষ্টা করা হলেও এলাকার বাসিন্দারা বনদপ্তরে কর্মীদের সঙ্গে যথেষ্ট পরিমাণে খারাপ ব্যবহার করে। জঙ্গল থেকে জন্তু বের হওয়ার খবর পাওয়ার পরেই বনকর্মীরা প্রতিনিয়ত ছুটে যান ওই এলাকায় তবুও এলাকার বাসিন্দারা খারাপ ব্যবহার করেন প্রতিনিয়ত।

# শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের এনফোর্সমেন্ট ব্রাঞ্চের পরিদর্শন বাজারে



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৪ আগস্ট :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের এনফোর্সমেন্ট ব্রাঞ্চের একদল কর্মী শনিবার প্রধাননগর থানার অন্তর্গত শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সহ একটি খুচরো বাজার পরিদর্শন ও গ্রাহক মত বিনিময় কর্মসূচি পরিচালনা করেন। দলটি বাজারের অবস্থা মূল্যায়ন,ন্যায্য বাণিজ্য প্রথা, স্বচ্ছতা ও ভোক্তা সুরক্ষা বিধি মেনে চলার বিষয়গুলিকে উৎসাহিত করতে মজুত পরীক্ষা,নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী সহ খাদ্য দ্রব্যের প্রচলিত মূল্য যাচাই এর পাশাপাশি ক্রেতা ও বিক্রেতাদের সাথে মত বিনিময় করেন। পুলিশ সূত্রে জানানো হয় নাগরিকদের স্বার্থ রক্ষা,ন্যায্য, স্বচ্ছ ও জবাবদিহিমূলক বাজার ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যেই এই কর্মসূচি।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |